

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২.১১৮

তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নির্বাহী প্রকৌশলী (ই/এম)
উত্তরা এপার্টমেন্ট নির্মাণ প্রকল্প (গণপূর্ত অংশ)
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
ফোন-০১৫৩৬-২৫৫৯৬১।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

- সূত্রঃ (১) আবেদন নথি নং-০৯ (তুরাগ), এসই (পিএন্ডডি)-৪৯৮, তাং-২৮/০৮/২২
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৬৫৪, তারিখ-১২/০৯/২০২২
(৩) ১৫/০৯/২২ তারিখের পে-অর্ডার নং-২৯৪২৪৭০ (মার্কেটাইল ব্যাংক লিঃ), টাকা = ৮৯,৬০০/-
(৪) ১৫/০৯/২২ তারিখের পে-অর্ডার নং-২৯৪২৪৭১ (মার্কেটাইল ব্যাংক লিঃ), টাকা = ১৩,৪৪০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজউক কর্তৃক বাস্তবায়নাধীন উত্তরা ১৮ নং সেক্টরে 'এ' ব্লকে স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর জন্য এপার্টমেন্ট নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ০৪ টি ভবনের (ভবন নং- ১০/এ, ১০/বি, ১০/সি ও ১০/ডি) জন্য ২৫৬০ (দুই হাজার পাঁচশত ষাট) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২৩ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলেওঃ-

শর্তসমূহঃ

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (তুরাগ) বরাবর আবেদন করতে হবে। স্থায়ী নতুন সংযোগ গ্রহণের পূর্বে রাজউক/সংশ্লিষ্ট সংস্থা হতে ভবনের যথাযথ ব্যবহার সনদ (Occupancy Certificate) জমা প্রদান করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- উক্ত ছাড়পত্র মার্চ-২০২৩ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(প্রকৌঃ মোঃ আখেরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, উত্তরা সার্কেল, ডেসকো।
- নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (তুরাগ)।
- অফিস কপি।